

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র


নং-৪৬.০০.০০০০.০৬৩. ৩১.০০১.১৩- ৭৪৯

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ  
০৫ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : দিনাজপুর পৌরসভায় কর্তৃক প্রস্তাবিত “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য দিনাজপুর পৌর এলাকার জলাবদ্ধতা নিরসন ও পরিবেশ উন্নয়ন” শীর্ষক পুনর্বিদ্যাসকৃত প্রকল্প প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : দিনাজপুর পৌরসভার স্মারক নং-৭০৪, তারিখঃ ০৫/০৪/২০১৭ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৩৫তম সভার সিদ্ধান্ত মোতাবেক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে পুনর্বিদ্যাসকৃত প্রকল্প প্রস্তাব প্রেরণের সময়সীমা নির্ধারিত ছিল। কিন্তু ফেব্রুয়ারী ২০১৫ মাসে অনুমোদিত প্রকল্পের পুনর্বিদ্যাসকৃত প্রকল্প প্রস্তাব প্রেরণে ০২ (দুই) বছরের বেশি সময় নেয়া হয়েছে। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টি এর নীতিমালা অনুযায়ী এ প্রকল্পের অনুমোদন স্থগিত হয়ে আছে। বিলম্বের বিষয়ে পৌরসভা কর্তৃক প্রদত্ত ব্যাখ্যায় বিলম্বের দায় অপর সংস্থা/দপ্তরের উপর চাপানো হয়েছে যা যৌক্তিক বলে প্রতীয়মান হয় না। প্রকৃতপক্ষে পৌরসভার গাফিলতি ও অবহেলা প্রকল্প প্রস্তাব প্রেরণে বিলম্বের কারণ এবং এক্ষেত্রে পৌর কর্তৃপক্ষের অদক্ষতা ও প্রকল্প বাস্তবায়নে অনীহার প্রকাশ ঘটেছে, বিধায় বিষয়োল্লিখিত পুনর্বিদ্যাসকৃত প্রকল্প প্রস্তাব জলবায়ু পরিবর্তন ট্রাস্টে প্রেরণের বিষয়টি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক না-মঞ্জুর হয়েছে।

  
০৫/০৬/১৭  
(মোঃ আবদুর রউফ মিয়া)  
উপ সচিব  
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র

দিনাজপুর পৌরসভা, দিনাজপুর।

অনুলিপিঃ

প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।